# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**24-04-2026** **Time: 1.40 PM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে দ্বিতীয় তথা চূড়ান্ত দফার ভোটের জন্য প্রচারাভিযান তুঙ্গে। বরিষ্ঠ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তর ২৪ পরগনার পানিহাটিতে এক নির্বাচনী জনসভায় যোগ দিয়ে বলেন, প্রথম দফার ভোটে বাংলার মানুষ রাজ্যের গণতন্ত্রের পুনঃ প্রতিষ্ঠা করেছে।

শাসক দলের জঙ্গলরাজ বাংলার তরুণী চিকিৎসককে কেড়ে নিয়েছে বলে মন্তব্য করেন তিনি।

তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ভবনীপুরে জনসংযোগ সারবেন।

অন্য রাজনৈতিক দলের পক্ষ থেকেও জোরদার প্রচারাভিযান চলেছে।

২) বিজেপি রাজ্যে বিপুল সংখ্যা গরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় আসতে চলেছে বলে দলের বরিষ্ঠ নেতা অমিত শাহ্ দাবি করেছেন। দ্বিতীয় দফার নির্বাচনে ভয়মুক্ত হয়ে ভোটদানের আহ্বান জানান তিনি।

৩) রাজ্যে এস আই আর সংক্রান্ত মামলার সুপ্রিম কোর্টে আজ নিস্পত্তি হয়েছে। এসংক্রান্ত কোন আবেদন জানাতে হলে হাইকোর্টের প্রধান বিচারপতি বা ট্রাইব্যুনালের দ্বারস্হ হতে হবে।

৪) মালদার মোথাবাড়িতে এস আই আর-এর কাজ চলাকালীন জুডিশিয়াল আধিকারিকদের হেনস্থা ও ঘেরাও করার ঘটনায় জাতীয় তদন্তকারী সংস্থা এন আই এ আজ সুপ্রিম কোর্টে প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে।

৫) রাজ্যের পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে আজও তাপপ্রবাহের সতর্কতা।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় ১৪২টি আসনে আগামী ২৯ এপ্রিল ভোট গ্রহণের জন্য প্রচারাভিযান তুঙ্গে।

বিজেপির প্রবীণ নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পানিহাটিতে এক নির্বাচনী জনসভায় দলীয় প্রার্থীদের সমর্থনে বক্তব্য রাখেন। উল্লেখ করা যেতে পারে, এই কেন্দ্র থেকেই বিজেপির হয়ে প্রতিদ্বন্দ্বিতার আসরে রয়েছেন, আর জি করের নিহত তরুণী পিজিটি চিকিৎসকের মা। প্রধানমন্ত্রী বলেন, প্রথম দফার নির্বাচনে ভোটদানের হার থেকে রাজ্যে পরিবর্তনের ছবি স্পষ্ট হয়ে উঠেছে।

পুনঃ প্রতিষ্ঠিত হয়েছে গণতন্ত্র। তৃণমূল কংগ্রেসকে মহিলা বিরোধী দল বলে উল্লেখ করে তিনি বলেন, শাসক দলের মহা জঙ্গলরাজ বাংলা থেকে এক তরুণী চিকিৎসককে কেড়ে নিয়েছে। নারী নির্যাতনের বিষয়ে সন্দেশখালির প্রসঙ্গ উত্থাপন করেন তিনি।

(বাইট –প্রধানমন্ত্রী)

প্রধানমন্ত্রী বলেন, চৌঠা মে রাজ্যে দুর্নীতি, সিন্ডিকেটরাজ, নারী অপমান, অনুপ্রবেশ ও বেকারত্বের মুক্তি ঘটবে। তৃণমূল কংগ্রেস ইতোমধ্যে ভয় পেয়ে গেছেন বলে মন্তব্য করেন তিনি। ক্ষমতায় এলে রাজ্যে আয়ুষ্মান ভারত যোজনা চালু করা এবং অন্নপূর্ণা ভান্ডারের অধীনে মহিলাদের মাসিক তিন হাজার টাকা করে দেওয়ার কথা আবারও জানান তিনি।

প্রধানমন্ত্রী এরপর দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে নির্বাচনী জনসভায় অংশ নেবেন।

দলের অপর বরিষ্ঠ নেতা এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ একাধিক নির্বাচনী জনসভায় অংশ নেবেন। উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জ এবং হুগলীর কোন্নগরে জনসভায় ভাষণের পাশাপাশি জগদ্দলে তাঁর রোড শোর কর্মসূচী রয়েছে।

অন্যদিকে তৃনমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ভবানীপুরে জনসংযোগ করার কথা। দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ হাওড়া, দক্ষিণ ২৪ পরগণার একাধিক জায়গায় নির্বাচনী সভা ও রোড শো করবেন।

বিহারের প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী আরজেডি নেতা আজ তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে খড়দা বিধানসভা কেন্দ্রে একটি জনসভায় ভাষণ দেবেন।

বামফ্রন্টের পক্ষে সিপিআইএমের যাদবপুর কেন্দ্রের প্রার্থীর সমর্থনে বৃন্দা কারাত, সুজন চক্রবর্তী মিছিলে অংশ নেবেন। সিপিআইএমের সাধারণ সম্পাদক এম এ বেবি নিউটাউনে জনসভায় বক্তব্য রাখবেন।

এদিকে দ্বিতীয় দফার ভোটে কংগ্রেসের দলীয় প্রার্থীদের সমর্থনে আগামীকাল কংগ্রেস নেতা রাহুল গান্ধী রাজ্যে আসছেন। হুগলীর শ্রীরামপুর, কলকাতার শহীদমিনার ময়দান ও মেটিয়াবুরুজে তিনটি জনসভায় অংশ নেওয়ার কর্মসূচীও রয়েছে।

অন্যদিকে, আইএসএফ নেতা নৌসাদ সিদ্দিকি দক্ষিণ ২৪ পরগণার ভাঙ্গর, ক্যানিং পূর্ব, ক্যানিং পশ্চিম এবং বাসন্তীতে একাধিক নির্বাচনী সভার পাশাপাশি রোডশো-তেও অংশ নিচ্ছেন।

oooooooooooooooooooo

বিজেপি বিপুল সংখ্যাগোরিষ্ঠতা নিয়ে রাজ্যে ক্ষমতায় আসতে চলেছে বলে দলের বরিষ্ঠ নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ দাবি করেছেন। কলকাতার নিউটাউনে এক সাংবাদিক বৈঠকে শ্রী শাহ বলেন, প্রথম দফায় স্বতঃস্ফূর্তভাবে মানুষের ভোটদানের ছবি প্রমাণ করে দিয়েছে, বাংলা পরিবর্তনের পথে এগোচ্ছে। শ্রী শাহ-র দাবি, প্রথম দফায় ১৫২ টি আসনের মধ্যে বিজেপি ১১০ টির বেশি আসনে জিতবে। দ্বিতীয় দফার ভোটেও জনগণ পরিবর্তনের পক্ষে রায় দেবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

(বাইট - অমিত শাহ)

রাজ্যে বিজেপি সরকার গঠন হলে নারীদের সুরক্ষা, যুবকদের কর্মসংস্থান, রাজ্যে সুশাসন, আইন শৃঙ্খলার উন্নতি এবং অনুপ্রবেশমুক্ত বাংলা গড়ে তোলা হবে। পাশাপাশি মানুষের ধর্মীয় উৎসব পালনেও কোন বাধা দেওয়া হবে না বলে শ্রী শাহ আশ্বাস দিয়েছেন। তিনি দ্বিতীয় দফার নির্বাচনেও মানুষকে ভয় মুক্ত হয়ে ভোট দান এবং প্রধানমন্ত্রীর বিকশিত ভারত ও বিকশিত বাংলা গড়ে তোলার অভিযানে শামিল হওয়ার আবেদন জানিয়েছেন।

oooooooooooooooooooo

ভোট-পরবর্তী প্রক্রিয়ায় স্বচ্ছতা ও নিরাপত্তা আরও জোরদার করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর একাধিক পদক্ষেপ নিয়েছে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ভোটগ্রহণ শেষ হওয়ার পর কোনও অবস্থাতেই বুথে বসেই ক্যামেরার মাইক্রো এসডি কার্ড খোলা যাবে না। নির্দিষ্ট প্রক্রিয়া মেনে তা সেক্টর অফিসারের তত্ত্বাবধানে হস্তান্তর করতে হবে।

ভোট মিটে যাওয়ার পর সেক্টর অফিসার, সংশ্লিষ্ট বুথে গিয়ে ইভিএম সিল করা-সহ অন্যান্য কাজ তদারকি করবেন। সেই সময়েই টেকনিশিয়ানের উপস্থিতিতে ক্যামেরা খুলে নেওয়া হবে। তবে তার মেমরি কার্ড কোনওভাবেই বের করা যাবে না।

আরও জানানো হয়েছে, বুথে ক্যামেরা সম্পূর্ণভাবে অপসারণ না হওয়া পর্যন্ত কোনও পোলিং পার্টি বা বিএলও বুথ ছেড়ে যেতে পারবেন না। এই নির্দেশ অমান্য করলে কঠোর ব্যবস্থা নেওয়া হতে পারে বলেও ইঙ্গিত মিলেছে।

ভোট-পরবর্তী সমস্ত ডেটা ভিডিও আকারে সংরক্ষণের জন্য আলাদা ব্যবস্থা রাখা হয়েছে। রিসিভিং সেন্টারে অন্তত দু'টি কাউন্টার খোলা থাকবে, যেখানে ক্যামেরা জমা নেওয়া হবে।

এদিকে ইভিএমগুলির নিরাপত্তায় কঠোর ব্যবস্থআ নিচ্ছে প্রশাসন। মোতায়েন রয়েছে কেন্দ্রীয় বাহিনী।

আগেই জানানো হয়েছে, রাজ্যে প্রথম দফায় শেষ খবর পাওয়া পর্যন্ত রেকর্ড ৯২ দশমিক ৮/৮ শতাংশ ভোট পড়েছে, স্বাধীনতার পর যা সর্বোচ্চ। ১৬ টি জেলায় ১৫২ টি আসনে দু একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া মোটের ওপর ভোটদান ছিল শান্তিপূর্ণ। কোচবিহারে সবচেয়ে বেশি ৯৬ দশমিক ০/৬ শতাংশ ভোট পড়েছে। কালিম্পং-এ সবচেয়ে কম ৮৩ দশমিক ০/৭ শতাংশ ভোট পড়ার খবর মিলেছে। তবে ভোটের চূড়ান্ত হার এই মুহূর্তে বলা সম্ভব নয় বলে জানিয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল।

ooooooooooooooooooo

ভোটদানের পর কঠোর নিরাপত্তায় ইভিএম গুলি রাখা হলেও রাজ্যে কয়েকটি জায়গা থেকে অশান্তির খবর আসছে। মালদার হবিবপুর বিধানসভায় বামনগোলা ব্লকের ঘোলাডাঙ্গা এলাকায় ইভিএম নিয়ে যাওয়ার সময়ে ব্যাপক উত্তেজনা ছড়ায়। গ্রামবাসীদের অভিযোগ, ২৯ নম্বর বুথে দুটি ইভিএম যে গাড়িতে নিয়ে যাওয়া হচ্ছিল, সেই গাড়ি থেকেই অতিরিক্ত দুটি অব্যবহৃত ইভিএম উদ্ধার হয়েছে। নির্বাচনী আধিকারিক ছাড়া কোনো কেন্দ্রীয় বাহিনী বা অন্য ভোটকর্মীকে গাড়িতে উঠতে দেওয়া হচ্ছিল না বলেও গ্রামবাসীদের অভিযোগ। খবর পেয়ে কেন্দ্রীয় বাহিনী এবং বিজেপি প্রার্থী জুয়েল মুর্মু

ঘটনাস্থলে পৌঁছন। ইভিএমগুলি উদ্ধার করেছে কেন্দ্রীয় বাহিনী। যদিও রিটার্নিং অফিসারের দাবি রিজার্ভে রাখা ইভিএমগুলি সেখানে ছিল।

বীরভূমের বোলপুর মহকুমাশাসকের কার্যালয়ে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে ইভিএম লুঠের অভিযোগ তুলেছে বিজেপি। এই নিয়ে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর সামনে দফায় দফায় বিক্ষোভ দেখায় তারা।

ooooooooooooooooooo

রাজ্যে এস আই আর সংক্রান্ত মামলার সুপ্রিম কোর্টে আজ নিষ্পত্তি হয়েছে। SIR নিয়ে দায়ের হওয়ার রিটপিটিশন খারিজ করে দিয়ে শীর্ষ আদালত জানিয়েছে, এবার থেকে এসংক্রান্ত কোন আবেদন জানাতে হলে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে তা জানাতে হবে।

এছাড়াও বাদ পড় নাম ঝাড়াই – বাঝাই-এর জন্য গঠিত অ্যাপিলেট ট্রাইব্যুনালের কাছে আবেদন করা যেতে পারে। এজন্য হাইকোর্টের প্রধান বিচারপতির কাছে যাওয়ার স্বাধীনতা দিয়েছেন, প্রধান বিচারপতি সূর্যকান্ত ও দুই বিচারপতি জয়মাল্য বাগচি ও বিপুল এম পাঞ্চলির বেঞ্চ। যাদের নাম এস আই আর এবং দায়ের করা অ্যাপিল থেকে বাদ দেওয়া হয়েছে, তাদের কথা মাথায় রেখে ট্রাইব্যুনালগুলিকে নিয়ম বহির্ভূতভাবে শুনানি গ্রহণ করতেও বলেছে শীর্ষ আদালত।

একই সঙ্গে রাজ্যের প্রথম দফার বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণভাবে হওয়ায় এবং ৯২ শতাংশের বেশি ভোট পড়ায় নির্বাচন কমিশনের ভূমিকার প্রশংসা করেন বেঞ্চ। প্রধান বিচারপতি বলেন, মানুষ যখন নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করেন তখন গণতান্ত্রিক ব্যবস্থা আরও শক্তিশালী হয়। কেন্দ্রের তরফে সলিসিটার জেনারেল তুষার মেহেতাও জানান, ৯২ শতাংশের বেশি ভোট পড়ার ঘটনা এক ঐতিহাসিক বিষয়। এক্ষেত্রে কেন্দ্রীয় বাহিনীর ভূমিকার প্রশংসা করেন তিনি।

oooooooooooooooooooo

মালদার মোথাবাড়িতে এস আই আর-এর কাজ চলাকালীন জুডিশিয়াল আধিকারিকদের হেনস্থা ও ঘেরাও করার ঘটনায় জাতীয় তদন্তকারী সংস্থা এন আই এ আজ সুপ্রিম কোর্টে প্রাথমিক রিপোর্ট জমা দিয়েছে। প্রধান বিচারপতি সূর্যকান্তের নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চে এই রিপোর্ট জমা দেওয়ার পর এন আই এ শীর্ষ আদালতের কাছে চার্জশিট জমা দেওয়ার জন্য সময় চায়। সুপ্রিম কোর্ট এসংক্রান্ত প্রয়োজনীয় অনুমতি দিয়েছে। এরফলে এন আই এ তদন্ত করে চার্জশিট জমা দেওয়ার ক্ষেত্রে আর কোন বাধা রইল না।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার দেগঙ্গার গোবর্ধনপুরে আজ সকালে এক আইএসএফ নেতার বাড়ির সামনে থেকে বোমা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে দেগঙ্গার পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ মহঃ হাবিবুর রহমানের বাড়ির সামনে ওই বোমাগুলি পড়ে থাকতে দেখা যায়। ঘটনায় অভিযোগের তির তৃণমূল কংগ্রেসের দিকে। পুলিশ তদন্ত শুরু করেছে।

oooooooooooooooooooo

পক্ষপাত তুষ্ট আচরণ, রাজনৈতিক মহলের সঙ্গে গোপন আঁতাত এবং ভোটের সময়ে সমানাধিকার বজায় রাখতে ব্যর্থ হওয়ায় উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জ থানার ওসি সন্দীপ সরকারকে সাসপেন্ড করেছে নির্বাচন কমিশন। তাকে অবিলম্বে সরিয়ে দিয়ে অ্যাকশন টেকেন রিপোর্ট পাঠাতে বলা হয়েছে। গত ২১ শে এপ্রিল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, সন্দীপের বিরুদ্ধে একটি রিপোর্ট কমিশনে পাঠান। তা খতিয়ে দেখেই এই সিদ্ধান্ত নেওয়া হয়।

oooooooooooooooooooo

বাঁকুড়ার জয়পুরে শালতোরায় তৃণমূল কংগ্রেসের গোষ্ঠী দ্বন্দ্বে এলাকা উত্তপ্ত। শাসকদলেরই এক নেতার ওপর হামলার অভিযোগ উঠেছে দলীয় প্রার্থীর পরিবারের বিরুদ্ধে। জানা গেছে, ব্লক পঞ্চায়েত সমিতির পূর্ত্য কর্মাধক্ষ জাকির খানের ওপর জনা দশেক দুষ্কৃতী লাঠি নিয়ে চড়াও হয়। গুরুতর জখম অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিবারের অভিযোগ, কোতুলপুর বিধানসভা কেন্দ্রের প্রার্থী হরকালি প্রতিহারের ভাই মৃত্যুঞ্জয়ের নির্দেশেই এই হামলা। যদিও অভিযোগ অস্বীকার করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে এলাকায় বাড়ানো হয়েছে পুলিশি নজরদারি।

oooooooooooooooooooo

বর্ধমান শহরের তেজগঞ্জ এলাকায় বিপুল পরিমাণ বিদেশি মদ ও বিয়ার উদ্ধার হওয়ার ঘটনায় ধৃত সুশোভন অধিকারীকে ১ লক্ষ টাকার ব্যক্তিগত বন্ডে জামিন দিয়েছে বর্ধমানের সিজেএম আদালত। গতকাল তাকে আদলতে তোলা হয়। জামিনের শর্ত হিসাবে ওই ব্যক্তিকে তদন্তে সব ধরনের সহযোগিতা এবং আগাম অনুমতি ছাড়া রাজ্য না ছাড়ার নির্দশ দিয়েছেন বিচারক।

ooooooooooooooooooo

রাজ্যের পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে আজ তাপপ্রবাহের সতর্কতার সঙ্গে দক্ষিণবঙ্গের জেলাগুলিতে শুষ্ক ও অস্বস্তিকর আবহাওয়া বজায় থাকবে। তবে শনিবার থেকে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই বজ্রগর্ভ মেঘ সঞ্চারের ফলে বজ্র বিদ্যুত্‌ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

সেই সঙ্গে ঘন্টায় পঞ্চাশ থেকে ষাট কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়াও বয়ে যেতে পারে। তাপমাত্রাও তিন থেকে চার ডিগ্রী কমার সম্ভাবনা।

আলিপুর আবহাওয়া দপ্তরের অধিকর্তা হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, মুর্শিদাবাদ সহ উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই শনিবারের পর বৃষ্টির পরিমাণ বাড়বে। অন্যদিকে, হুগলিতে তাপমাত্রা ৩৮ ডিগ্রি-৩৯.২ ডিগ্রীর মাঝে ঘোরাফেরা করছে। বেলা বাড়তে রাস্তায় লোকের সংখ্যা কমতে শুরু করেছে জেলাজুড়েই।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo